



Date: 10. 01. 2017


Enclosed is the news clipping of 'Ekdin, a Bengali daily dated 10<sup>th</sup> January, 2017, the news item is captioned 'মাকে পিটিয়ে মারল ছেলে, মেয়ে ও জামাই'

The Superintendent of Police, Malda is directed to furnish a report by 17.02.2017 enclosing thereto:-

- Statement of Jitendra Das, elder brother of the deceased;
- Post Mortem Report
- Full address and particulars of the deceased and also elder brother of the deceased Jitendra Das.

  
(Justice Girish Chandra Gupta)  
Chairperson

  
(Napanjit Mukherjee)  
Member

  
(M.S. Dwivedy)  
Member

Encl: News Item Dt. 10. 01. 17



Ld. Registrar to keep NHRC posted about cognizance taken on the subject by WBHRC.

SDB

SA

As

upload at once. Inform NHRC by email.

Note in Daily Diary. Send  10/1/17  
by Fax-Post.  10/1/17

Elkden

## মাকে পিটিয়ে মারল ছেলে, মেয়ে ও জামাই

নিজস্ব প্রতিবেদন, মালদা: সম্পন্ডির লোভে মাকে পিটিয়ে খুন করার অভিযোগ উঠেছে ছেলে, মেয়ে ও জামাইয়ের বিরুদ্ধে। সোমবার সকালে চাঞ্চল্যকর এই ঘটনাটি ঘটেছে পুরাতন মালদার মঙ্গলবাড়ির কাটাবাড়ি থামে। ঘটনায় ক্ষুব্ধ এলাকাবাসী অভিযুক্ত মেয়ে লক্ষ্মী দাসের বাড়িতে চড়াও হয়ে তাকে মারধর করে বলে অভিযোগ। পরে পুলিশ গিয়ে ওই মহিলাকে উদ্ধার করে। পরে তাকে গ্রেপ্তার করা হয়। অপর দুই অভিযুক্ত নয়ন দাস ও সঞ্জীব দাস পলাতক।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃত শ্রীতার নাম প্রমীলা দাস (৫৮)। মৃতের স্বামী পেশায় কারখানার নৈশপ্রহরী কাজল দাস আংশিক মানসিক ভারসাম্যহীন। সোমবার সকালে

কাজলবাবু বাড়িতে ছিলেন না। প্রতিবেশী মহিলা বিমলা দাস তাঁদের বাড়ি গিয়ে খবর মেকের ওপর ওই শ্রীতারকে পড়ে থাকতে দেখেন। তাঁর চিৎকার চোঁচামেটি শুনে ঘটনাটি জানাজানি হয়। স্থানীয়রাই পুরাতন মালদা থানার পুলিশকে খবর দেন। পুলিশ গিয়ে মৃতদেহটি উদ্ধার করে মালদা

### মালদা

মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠায়। সম্পন্ডি নিয়ে ছেলে-মেয়ে ও জামাইয়ের সঙ্গে দীর্ঘদিন ধরে বিবাদ ছিল বলে স্থানীয় সূত্রে জানা গিয়েছে। ঘটনায় ক্ষুব্ধ স্থানীয় বাসিন্দারা ওই বৃদ্ধার মেয়েকে নিয়ে এসে মারধর করে বলে অভিযোগ। পরে পুলিশ গিয়ে লক্ষ্মী দাসকে উদ্ধার করে। মৃতের দাদার অভিযোগের ভিত্তিতে ওই মহিলাকে গ্রেপ্তার করে পুলিশ।

মৃতের দাদা জিতেন্দ্র দাস জানিয়েছেন, 'আমার দিদির নামে কয়েক বিঘা জমি, ব্যাকে প্রায় দু'লক্ষ টাকা, কিছু সোনার অলংকার ছিল। যা হাতিয়ে নেওয়ার চেষ্টা করছিল তাঁর ছেলে, মেয়ে ও জামাই। দিদিকে মাঝেমাঝেই ওরা খুব মারধর করত। রবিবার রাতেই অভিযুক্তরা দিদিকে বাঁশ, লোহার রড নিয়ে পিটিয়ে খুন করেছে।' এব্যাপারে ওই তিন জনের বিরুদ্ধে পুলিশের কাছে অভিযোগ দায়ের করা হয়েছে।

এদিকে প্রত্যক্ষদর্শী বিমলা দাস বলেন, 'আমার পাশের বাড়িতে থাকতেন প্রমীলাদেবী। তাঁর ছেলে-মেয়ে ও জামাই প্রায়ই তাঁকে মারধর করত। কয়েক মাস আগে মেয়ে তাঁর কোমরও ভেঙে নিয়েছিল অভিযুক্তরা। আমাদের আশঙ্কা ওরাই প্রমীলাদেবীকে পিটিয়ে খুন করেছে।'

করতে পামতে বার। আফে